

সমাবেশে খোন্দকার দেলোয়ার ছাত্রদলের ওপর হামলা করে সরকার মৌচাকে টিল দিয়েছে

নিম্ন প্রতিবেদক ●

ছাত্রদলের ওপর হামলা করে সরকার মৌচাকে টিল দিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব খোন্দকার দেলোয়ার হোসেন। তিনি বলেন, মৌচাকে টিল দিলে কী হয়, তা নিচ্ছই সরকারের জানা আছে।

নয়াপল্টনের বিএনপির কার্যালয়ের নামে গতকাল বৃহস্পতিবার ছাত্রদল আয়োজিত প্রতিবাদ সমাবেশে তিনি এসব কথা বলেন। ছাত্রদলের সভাপতি সুলতান সালাউদ্দিনের ওপর হামলা ও কেন্দ্রীয় নেতাদের বিরুদ্ধে মামলার প্রতিবাদে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিএনপির মহাসচিব বলেন, ছাত্রদলের ওপর হামলার কারণে যদি বিশ্ববিদ্যালয়ে শিকার পরিবেশ নষ্ট হয়, তবে এর দায় সরকারকে নিতে হবে।

খোন্দকার দেলোয়ার অভিযোগ করেন, যখন বিএনপি ছাত্রদলকে সংগঠিত করে আন্দোলনের প্রস্তুতি নিচ্ছে, তখন সরকার এই হামলার মাধ্যমে আন্দোলন দমনের অপচেষ্টা করছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন বলেন, ভারতের সঙ্গে অসম চুক্তি বাস্তবায়ন করতেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের নেতাদের ওপর হামলা চালানো হয়েছে। তিনি বলেন, ছবি ও ভিডিও ফুটেজ দেখে দায়ীদের চিহ্নিত করতে হবে। সরকারের ব্যকশালি আচরণের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে আহ্বান জানান তিনি।

মির্জা আকাস হোসাইন মন্ত্রীর সমালোচনা করে বলেন, ক্যাম্পাসে হামলাকারীরা যদি ছাত্রদলেরই হয়ে থাকে, তাহলে তাদের গ্রেপ্তার করুন।

সমাবেশে, স্থায়ী কমিটির সদস্য রফিকুল ইসলাম মিজা, মুখ্য মহাসচিব আমানউল্লাহ মাহবুবউদ্দিন প্রমুখ বক্তব্য দেন।

বিএনপির সংবাদ সম্মেলন: গতকাল দুপুরে নয়াপল্টনের কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে খোন্দকার দেলোয়ার হোসেন শেষ হামলার কঠোর সমালোচনা করেন। তিনি বলেন, শেষ হামলার বক্তব্য দায়িত্বজ্ঞানহীন।

গত বুধবার সংসদে প্রধানমন্ত্রী বলেন, সংসদ ভবন এলাকায় স্থাপিত মাঝারি জিয়ারতের রহমেনের লাশ আছে কি না, তা নিয়ে সন্দেহ আছে। এ প্রসঙ্গে খোন্দকার দেলোয়ার সংবাদ সম্মেলনে বলেন, এ ধরনের দায়িত্বজ্ঞানহীন বক্তব্য একজন প্রধানমন্ত্রীর মুখে মানায় না।